

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫৩৯৮

আগরতলা, ২৭ ফেব্রুয়ারি, ২০২৬

বাল্য বিবাহ মুক্ত ভারত অভিযান :
সরকারি আইন কলেজে সচেতনতামূলক কর্মসূচি



ত্রিপুরা শিশু অধিকার সুরক্ষা কমিশনের তত্ত্বাবধানে ত্রিপুরা সরকারি আইন কলেজের কনফারেন্স হলে আজ ‘বাল্য বিবাহ মুক্ত ভারত অভিযান’ বিষয়ে এক সচেতনতামূলক কর্মসূচি অনুষ্ঠিত হয়। রাজ্য সরকারের উচ্চশিক্ষা দপ্তরের নির্দেশে এই কর্মসূচিটির আয়োজন করা হয়। অনুষ্ঠানে ত্রিপুরা শিশু অধিকার সুরক্ষা কমিশনের চেয়ারপার্সন জয়ন্তী দেববর্মা এবং কমিশনের সদস্য মাধব পাল বাল্য বিবাহ নিষিদ্ধকরণ আইন, ২০০৬-এর বিভিন্ন বিধান এবং কমিশনের কার্যকারিতা বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। অনুষ্ঠানে উপস্থিত শিক্ষার্থীরা ইন্টারেক্টিভ সেশনে অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে এছাড়াও আইন কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ড. বিবেক কুমার মিশ্র, সহকারী অধ্যাপক যুথিকা নৌখম, বিনিতা বাসফোর, ড. স্থিতি দাশগুপ্ত, এবং ড. পার্থ সারথি আঢ্য সহ কলেজের ছাত্রছাত্রীরা উপস্থিত ছিলেন। ত্রিপুরা সরকারি আইন কলেজ থেকে এ সংবাদ জানানো হয়েছে।
